# Final apprehended domestic violence order

*Crimes (Domestic and Personal Violence) Act 2007*

এটা আইনসংক্রান্ত কোনো ডকুমেন্ট (দলিল) না/ এই ডকুমেন্টের উদ্দেশ্য হলো কোর্টের দেয়া আদেশ বুঝতে আপনাকে সাহায্য করা/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ আপনি অবশ্যই পালন করবেন/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ পালন না করা একটা ফৌজদারী অপরাধ/

**আপনাকে অবশ্যই নীচের আদেশগুলো পালন করতে হবে। এই আদেশগুলো পালন না করা আইনবিরোধী কাজ। আপনাকে পুলিশ গ্রেফতার ও অভিযুক্ত করতে পারে এবং আদালতে নিতে পারে। কোর্টে আপনি যদি দোষী প্রমাণিত হন,তাহলে আপনার ২ বছর পর্যন্ত জেল হতে পারে এবং ৫,৫০০ ডলার পর্যন্ত জরিমানা হতে পারে।**

**আপনাকে অন্যান্য ফৌজদারী অপরাধেও অভিযুক্ত করে আদালতে নেয়া হতে পারে। কোর্টে এসব অপরাধে আপনি দোষী প্রমাণিত হলে,আপনি অনেক বেশি শাস্তি পেতে পারেন।**

এই আদেশগুলোতে দেয়া তারিখ পর্যন্ত আপনাকে অবশ্যই এগুলো পালন করতে হবে।

এই আদেশগুলোতে উল্লেখিত ব্যক্তিদের নিরাপদে রাখার জন্য এই আদেশ দেয়া হয়েছে।

আপনার এই আদেশ পালন করাটা যদি এই আদেশে উল্লেখিত সুরক্ষিত ব্যক্তি না-ও চান,অথবা বলেন যে আপনার এই আদেশ পালন করার দরকার নেই,তারপরও আপনাকে এই আদেশ অবশ্যই পালন করতে হবে। আপনি যদি নীচের যেকোনো একটি কাজ করার চেষ্টা করেন,সেটাও আইনবিরোধী হবে,যাকে বলা হয় আদেশ লঙ্ঘন।

## আচরণ সম্পর্কিত আদেশসমূহ

১. সুরক্ষিত ব্যক্তি অথবা ঐ ব্যক্তির সাথে পারিবারিক সম্পর্ক আছে এমন কারও সাথে আপনি নীচের কোনো কাজ অবশ্যই করবেন নাঃ

ক) তাদেরকে লাঞ্ছিত করা কিংবা ভয় দেখানো,

খ) তাদেরকে অনুসরণ,হয়রানি অথবা শঙ্কিত করা,এবং

গ) সুরক্ষিত ব্যক্তির মালিকানাধীন কিংবা তার দখলে থাকা কোনো সম্পত্তি ইচ্ছাকৃত অথবা বেপরোয়াভাবে ধ্বংস বা ক্ষতি করা

উদাহরণস্বরূপঃ

- আপনি নিজে সশরীরে,অন্য কোনো ব্যক্তিকে দিয়ে,অথবা ইলেকট্রনিক যোগাযোগ এবং যান্ত্রিক মাধ্যমে (যেমন,টেলিফোন,ক্ষুদে বার্তা,ইমেইল,ফেসবুক বা অন্য কোনো সামাজিক

NSW Police Force

women's domestic violence court advocacy services

Legal Aid

Womens Domestic Violence Court Advocacy Services are funded by Legal Aid NSW

NSW GOVERNMENT | Justice

যোগাযোগ মাধ্যম কিংবা জিপিএস ট্র্যাকিং)এসবের কোনো কিছুই আপনি অবশ্যই করবেন না।

- আপনি এমন কিছু অবশ্যই করবেন না বা বলবেন না, যাতে করে সুরক্ষিত ব্যক্তি ভীত-সন্ত্রস্ত বোধ করেন অথবা তারা মনে করতে পারেন যে আপনি তাদের ক্ষতি করবেন, কিংবা তাদের মালিকানাধীন অথবা আপনার সাথে যৌথ মালিকানাধীন জিনিসপত্র ও পোষা প্রাণীর কোনোও রকম ক্ষতি করতে পারেন।

## যোগাযোগ সম্পর্কিত আদেশসমূহ

২. একজন আইনজীবীর মাধ্যমে যোগাযোগ করা ছাড়া আপনি অবশ্যই অন্য কোনোভাবে সুরক্ষিত ব্যক্তির কাছাকাছি যাবেন না কিংবা তার সাথে যোগাযোগ করবেন না।

উদাহরণস্বরূপঃ

- আপনি নিজে সশরীরে অথবা ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যমে (যেমন,টেলিফোন,ক্ষুদে বার্তা,ইমেইল বা ফেসবুক বা অন্য কোনো সামাজিক যোগাযোগ মাধ্যম) অথবা অন্য কাউকে দিয়ে তাদের সাথে যোগাযোগ করাসহ অন্যকোনো প্রকারেঅবশ্যই তাদের মুখোমুখি হবেন না কিংবা যোগাযোগ করবেন না।
- সুরক্ষিত ব্যক্তি যদি আপনার সাথে যোগাযোগ করে,তা সে যতবারই হোক না কেন এবং যে কারণেই হোক না কেন,আপনি যদি তাতে সাড়া দেন,তবে আপনি আদেশ লঙ্ঘন করবেন।

৩. আপনি অবশ্যই নিম্নে প্রদত্ত জায়গাগুলোতে যাবেন নাঃ

ক) স্কুল কিংবা অন্য কোনো জায়গায় যেখানে সুরক্ষিত ব্যক্তি পড়াশুনার জন্য যেতে পারেন,
খ)অন্য কোনো জায়গায় যেখানে তারা চাইল্ডকেয়ার সেবার জন্য যেতে পারেন,অথবা
গ)আদেশে উল্লেখিত অন্য কোনো জায়গায়

উদাহরণস্বরূপঃ

- আপনি এসব জায়গায় সশরীরে অবশ্যই যাবেন না,

- এটা এও বুঝায় যে,আপনি স্কুলের অনুষ্ঠানে,স্কুলের বিশেষ উপলক্ষে অথবা শিক্ষক ও বাবা-মার সাথে সাক্ষাত-সন্ধ্যায় যেতে পারবেন না,যা স্কুলে অনুষ্ঠিত হয়।

৪. মদ্যপান অথবা অবৈধ মাদক সেবনের পর কমপক্ষে ১২ ঘন্টা পার হবার আগে আপনি অবশ্যই সুরক্ষিত ব্যক্তির কাছাকাছি অথবা সাক্ষাতে আসবেন না।

উদাহরণস্বরূপঃ

- মদ্যপান অথবা অবৈধ মাদক সেবনের পর কমপক্ষে ১২ ঘন্টা পার হবার আগে আপনি অবশ্যই সুরক্ষিত ব্যক্তির কাছাকাছি অথবা তার সঙ্গে থাকবেন না। যেমন, আপনি যদি শেষ ড্রিঙ্কস্‌টি রাত ৯টায় নিয়ে থাকেন,তাহলে পরের দিন সকাল ৯টার আগে আপনি তাদের কাছাকাছি,বাড়িতে কিংবা তাদের কর্মস্থলেআসতে পারবেন না। আপনারা যদি একত্রে বসবাস করেন,তাহলে এর অর্থ হচ্ছে আপনাকে ১২ ঘন্টা অন্যত্র থাকার জন্য একটা জায়গা খুঁজে বের করতে হবে।
- সুরক্ষিত ব্যক্তির সাথে আপনি অবশ্যই মদ্যপান কিংবা অবৈধ মাদক সেবন করবেন না
- তারা যেতে না বললেও আপনি অবশ্যই তাদের থেকে দূরে থাকবেন।

৫.কোর্টের আদেশ যদি না বলে,তাহলে আপনি অবশ্যই সুরক্ষিত ব্যক্তিকে খোঁজার চেষ্টা করবেন না।

উদাহরণস্বরূপঃ

- ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যমের সাহায্যে (যেমন,টেলিফোন,ইমেইল,ক্ষুদে বার্তা,বা ফেসবুক বা অন্য সামাজিক যোগাযোগ মাধ্যম),ইন্টারনেট অথবা অন্য কারো কাছে তাদের অবস্থানের কথা জিজ্ঞেস করে আপনি তাদের খুঁজে বের করার চেষ্টা অবশ্যই করবেন না।

## পারিবারিক আইন এবং অভিভাবকত্ব সম্পর্কিত আদেশসমূহ

৬.আপনি অবশ্যই সুরক্ষিত ব্যক্তির কাছে যাবেন না কিংবা কোনোভাবেই তার সাথে যোগাযোগ করবেন না,যদি না সেই যোগাযোগঃ

❑ ক) একজন আইনজীবীর মাধ্যমে হয়,অথবা

❑ খ) অনুমোদনপ্রাপ্ত কিংবা কোর্ট-অনুমোদিত পরামর্শ,মধ্যস্থতা এবং/অথবা মীমাংসায় উপস্থিত হওয়া,অথবা

❑ গ) সন্তানদের সাথে যোগাযোগের ব্যাপারে এই কোর্ট বা অন্য কোনো কোর্টের আদেশ মোতাবেক হয়,অথবা

❑ ঘ) সন্তানদের সাথে যোগাযোগের ব্যাপারে আপনার এবং সন্তানদের বাবা-মা'র মধ্যে লিখিত চুক্তি মোতাবেক হয়,

অথবা

❑ ঙ) সন্তানদের সাথে যোগাযোগের ব্যাপারে আপনি,সন্তানদের বাবা-মা এবং এই সন্তানদের প্রতিপালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মধ্যে লিখিত চুক্তি মোতাবেক হয়

উদাহরণস্বরূপঃ

- আপনি নিজে সশরীরে অথবা ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যমে (যেমন,টেলিফোন,ক্ষুদে বার্তা,ইমেইল বা ফেসবুক বা অন্য কোনো সামাজিক যোগাযোগ মাধ্যম) অথবা অন্য কাউকে দিয়ে তাদের সাথে যোগাযোগ করাসহ অন্যকোনো প্রকারে অবশ্যই তাদের মুখোমুখি হবেন না কিংবা যোগাযোগ করবেন না।
- সুরক্ষিত ব্যক্তি যদি আপনার সাথে যোগাযোগ করে,তা সে যতবারই হোক না কেন এবং যে কারণেই হোক না কেন,আপনি যদি তাতে সাড়া দেন,তবে আপনি এইআদেশ লঙ্ঘন করবেনএবং আপনাকেকোর্টেনেয়াহতে পারে।
- আপনার সন্তানদের দেখাশুনা করার ব্যাপারে পারিবারিক আদালত কিংবা অন্য কোনো আদালত থেকে যদি কোনো আদেশ আপনার কাছে থাকে এবং এ ব্যাপারে আপনার অধিকার নিয়ে যদি সন্দেহ থাকে,তাহলে একজন আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করা উচিত।

**পূর্বোক্ত নম্বর (খ**(-পারিবারিক আইন বিষয়ক,অনুমোদিত বলতে বুঝায় *পারিবারিক আইন অধ্যাদেশ* ১৯৭৫এর আওতায় অনুমোদিত।

**পূর্বোক্ত নম্বর –(ঙ)** উদাহরণস্বরূপ, সুরক্ষিত ব্যক্তি এবং আপনার মধ্যে যদি কোনো সন্তান থাকে কিন্তু তার প্রতিপালনের দায়িত্ব দেয়া আছে অন্য এক ব্যক্তির কাছে,তাহলে

> সন্তানদের সাথে দেখা করার ক্ষেত্রে আপনি অবশ্যই ঐ দায়িত্বপ্রাপ্ত প্রতিপালকের কাছ থেকে লিখিত অনুমতি নিবেন। ঐ অন্য ব্যক্তিটি হতে পারেন পরিবার ও কমিউনিটি পরিষেবা বিভাগের মন্ত্রীর প্রতিনিধি,কোর্ট নিযুক্ত আইনি অভিভাবক অথবা দত্তক বাবা-মা।

## যাতায়াতের নিষেধাজ্ঞা সম্পর্কিত আদেশসমূহ

৭. আপনি অবশ্যই নীচে উল্লেখিত স্থানে থাকতে পারবেন নাঃ

ক) সুরক্ষিত ব্যক্তি যেখানে থাকেন সেই একই ঠিকানায়,অথবা

খ) আদেশে উল্লেখিত স্থানগুলিতে।

> উদাহরণস্বরুপঃ
>
> - আপনি যদি এই ঠিকানায় বাস করে আসছেন এবং আপনার নিজস্ব কিছু জিনিসপত্র এখান থেকে নিয়ে যাবার দরকার হয়,তাহলে আপনার জিনিসপত্র ফেরত নেবার আদেশ এর জন্য কোর্টে আবেদন করতে পারেন। এই আদেশকে বলা হয় সম্পত্তি পুনরুদ্ধার আদেশ। অথবা আপনি পুলিশের সাথে যোগাযোগ করতে পারেন।

৮. আপনি অবশ্যই নীচে উল্লেখিত স্থানগুলিতে যাবেন নাঃ

ক) সুরক্ষিত ব্যক্তি যেখানে থাকেন,অথবা

খ) যেখানে সুরক্ষিত ব্যক্তি কাজ করেন,অথবা

গ) আদেশে উল্লেখিত স্থানগুলিতে

> উদাহরণস্বরুপঃ
>
> - ঐ স্থানগুলোর সীমানার ভেতর যাবার অনুমতি আপনার নেই।
> - আপনি যদি এই ঠিকানায় বাস করে আসছেন এবং আপনার নিজস্ব কিছু জিনিসপত্র এখান থেকে নিয়ে যাবার দরকার হয়,তাহলে কোর্টে সম্পত্তি পুনরুদ্ধার আদেশের জন্য আবেদন কিংবা পুলিশের সাথে যোগাযোগ করতে পারেন।

৯. আপনি আদেশে উল্লেখিত স্থানগুলি থেকে নির্দিষ্ট করে দেয়া মিটার দূরত্বের মধ্যে অবশ্যই যাবেন না, যেমনঃ

Final apprehended domestic violence order

*Crimes (Domestic and Personal Violence) Act 2007*

এটা আইনসংক্রান্ত কোনো ডকুমেন্ট (দলিল) না/ এই ডকুমেন্টের উদ্দেশ্য হলো কোর্টের দেয়া আদেশ বুঝতে আপনাকে সাহায্য করা/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ আপনি অবশ্যই পালন করবেন/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ পালন না করা একটা ফৌজদারী অপরাধ/

ক) সুরক্ষিত ব্যক্তি যেখানে থাকেন, অথবা

খ) যেখানে সুরক্ষিত ব্যক্তি কাজ করেন, অথবা

গ) আদেশে উল্লেখিত স্থানগুলিতে

উদাহরণস্বরূপঃ

- ঐ স্থানগুলোর সীমানার ১০০ মিটারের মধ্যে যাবার অনুমতি আপনার নেই।
- আপনি যদি এই ঠিকানায় বাস করে আসছেন এবং আপনার নিজস্ব কিছু জিনিসপত্র এখান থেকে নিয়ে যাবার দরকার হয়, তাহলে কোর্টে সম্পত্তি পুনরুদ্ধার আদেশের জন্য আবেদন কিংবা পুলিশের সাথে যোগাযোগ করতে পারেন।

## অস্ত্র সম্পর্কিত আদেশসমূহ

১০.অস্ত্র নিষিদ্ধকরণ অধ্যাদেশ ১৯৯৮ এ উল্লেখিত যেসব অস্ত্র নিষিদ্ধ করা হয়েছে,সেসব আগ্নেয়াস্ত্র ও অস্ত্র আপনি অবশ্যই রাখবেন না।

উদাহরণস্বরূপঃ

- অস্ত্র নিষিদ্ধকরণ অধ্যাদেশ ১৯৯৮ এ উল্লেখিত যেসব অস্ত্র নিষিদ্ধ করা হয়েছে,সেসব আগ্নেয়াস্ত্র ও অস্ত্র আপনি অবশ্যই পুলিশের কাছে সোপর্দ করবেন। এগুলো রাখা আলাদা একটি ফৌজদারী অপরাধ। কোন্ অস্ত্রটি আপনার রাখা উচিত না,সে ব্যাপারে আপনি নিশ্চিত না হলে পুলিশ কর্মকর্তাকে জিজ্ঞেস করুন।

## অন্যান্য আদেশসমূহ

১১.সুনির্দিষ্টভাবে আপনার কিংবা আপনার পরিবারের জন্য কোর্ট অন্য আদেশ দিতে পারে।

**বেশির ভাগ সম্পর্কে ভয়,নিয়ন্ত্রণ কিংবা সহিংসতা থাকে না। আপনার কর্মকাণ্ড গ্রহণযোগ্য নয়। এখন আপনি এই আদেশটি পেয়েছেন যা আপনাকে অবশ্যই পালন করতে হবে। এই আদেশটি নিউ সাউথ ওয়েলস পুলিশের কম্পিউটার সিস্টেমে আছে।**

NSW Police Force

women's domestic violence court advocacy services

Legal Aid

Womens Domestic Violence Court Advocacy Services are funded by Legal Aid NSW

NSW GOVERNMENT | Justice

# Final apprehended domestic violence order

*Crimes (Domestic and Personal Violence) Act 2007*

এটা আইনসংক্রান্ত কোনো ডকুমেন্ট (দলিল) না/ এই ডকুমেন্টের উদ্দেশ্য হলো কোর্টের দেয়া আদেশ বুঝতে আপনাকে সাহায্য করা/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ আপনি অবশ্যই পালন করবেন/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ পালন না করা একটা ফৌজদারী অপরাধ/

বাড়িতে সহিংসতা সবার ওপরেই প্রভাব ফেলে এবং সবাইকে কষ্ট দেয়। শিশুরা বাড়িতে সহিংসতার সংস্পর্শে এলে তাদের জন্য বিষণ্ণতা,দুশ্চিন্তা,আগ্রাসনে ভোগার আশংকা অনেক বেশি থাকে,এবং স্কুলের লেখাপড়ায়সমস্যায় পড়তে পারে।

নিজেকে বদলানোর জন্য এটা আপনার একটা সুযোগ।

আপনি যদি আপনার আবেগ কিংবা উদ্বেগ নিয়ন্ত্রণনিয়ে কারও সাথে কথা বলতে চান,সেক্ষেত্রে সাহায্য পাওয়া যাবে। ফোন করুনঃ

- Men's referral service (পুরুষদের সাহায্যদেবার পরিষেবা) ১৩০০ ৭৬৬ ৪৯১
- Relationships Australia (পরিবারকে সাহায্য দেবার পরিষেবা) ১৩০০ ৩৬৪ ২৭৭
- Parent line (পিতামাতাদের সাহায্য দেবার পরিষেবা) ১৩০০ ১৩০০ ৫২।

এই আদেশ যা বলে তা যদি আপনি না করেনঃ

- তাহলে আপনার ২ বছর পর্যন্ত জেল হতে পারে এবং ৫,৫০০ ডলার পর্যন্ত জরিমানা হতে পারে।
- আপনাকেঅন্যান্য ফৌজদারী অপরাধে(যেমন,লাঞ্ছনা বা হুমকি)অভিযুক্ত করে সেই সাথে এই আদেশ অবমাননা করার কারণে আদালতে নেয়া হতে পারে। কোর্টে এসব অপরাধে আপনি দোষী প্রমাণিত হলে,আপনি অনেক বেশি শাস্তি পেতে পারেন,যেমন আরও দীর্ঘ কারাবাস।

বিলম্ব না করে সব অস্ত্র ও আগ্নেয়াস্ত্র,যা অস্ত্র নিষিদ্ধকরণ অধ্যাদেশ ১৯৯৮ এর তালিকা অনুযায়ী অননুমোদিত,এবং এ সম্পর্কিত লাইসেন্স ও পারমিট যা আপনার কাছে তা পুলিশের কাছে নিয়ে যান। এসব যদি আপনার কাছে রেখে দেন,তাহলে আপনি হয়ত এই আদেশটি লঙ্ঘন করবেন এবং অন্যান্য ফৌজদারী অপরাধে অভিযুক্ত হতে পারেন।

NSW Police Force

women's domestic violence court advocacy services

Legal Aid

Womens Domestic Violence Court Advocacy Services are funded by Legal Aid NSW

NSW GOVERNMENT | Justice

Final apprehended domestic violence order

*Crimes (Domestic and Personal Violence) Act 2007*

এটা আইনসংক্রান্ত কোনো ডকুমেন্ট (দলিল) না/ এই ডকুমেন্টের উদ্দেশ্য হলো কোর্টের দেয়া আদেশ বুঝতে আপনাকে সাহায্য করা/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ আপনি অবশ্যই পালন করবেন/ পুলিশ বা কোর্টের দেয়া আদেশ পালন না করা একটা ফৌজদারী অপরাধ/

এই আদেশ সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে,তবে আপনি নিম্নোক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- একজন উকিল
- (০২)৯২১৯ ৫০০০ নম্বরে নিউ সাউথ ওয়েলস লিগ্যাল এইড (Legal Aid NSW) এর সাথে
- স্থানীয় পুলিশ স্টেশন,এবং পারিবারিক নির্যাতন সম্পর্কিত সংযোগ কর্মকর্তার সাথে কথা বলুন (যদি আপনি সুরক্ষিত ব্যক্তি হন)
- ১৩০০ ৮৮৮ ৫২৯ নম্বরে ল’ এ্যাক্সেস নিউ সাউথ ওয়েলস (Law Access NSW) এর সাথে অথবা www.lawaccess.nsw.gov.au
- ১৩১ ৪৫০ নম্বরেদোভাষী পরিষেবা (Interpreting Services) এর সাথে অথবা www.tisnational.gov.au.

NSW Police Force

women's domestic violence court advocacy services

Legal Aid NEW SOUTH WALES

Womens Domestic Violence Court Advocacy Services are funded by Legal Aid NSW

NSW GOVERNMENT | Justice